অর্থঋণ আদালত আইন, ২০০৩ এর ৩৩ (১) ধারার বিধান মোতাবেক নিলাম বিজ্ঞপ্তি।

মোকাম ঃ অর্থঋণ ২য় আদালত, কুষ্টিয়া

অর্থজারী মোকদ্দমা নং =১১/২০২২

(মূল অর্থঋণ =২০/২০১৯ নং মোকদ্দমা)।

ম্যানেজার, সোনালী ব্যাংক পিএলসি, আমলা শাখা, কুষ্টিয়া, সাং- আমলা, পোষ্ট- আমলা সদরপুর, থানা- মিরপুর, জেলা- কুষ্টিয়া।

......................................ডিক্রীদার।

বনাম

(০১) মোঃ জাহের আলী (ঋণ গ্রহীতা), পিতা- মোঃ আয়নাল হক, সাং- কুশাবাড়ীয়া, পোষ্ট- খয়েরপুর, থানা- মিরপুর, জেলা- কুষ্টিয়া
(০২) মোঃ আয়নাল হক (জামিনদার/বন্ধকদাতা), পিতা- মৃত নায়েব আলী মন্ডল, সাং- কুশাবাড়ীয়া, পোষ্ট- খয়েরপুর, থানা- মিরপুর, জেলা- কুষ্টিয়া।

......................................দায়ীক।

এতদ্বারা সর্ব সাধারনকে জানানো যাইতেছে যে, ডিক্রীদারের প্রাপ্য =৬,০০,৫৬১/৬৮ টাকা (১০/০৮/২০২২ ইং তারিখ পর্যন্ত) ও ১১/০৮/২০২২ ইং তারিখ হইতে আদায়কালতক আদায়যোগ্য সুদ, খরচা সমেত আদায়কল্পে নিম্ন তফসিল বর্ণিত সম্পত্তি অত্র আদালতের নেজারত খানায় রক্ষিত নিলামের টেন্ডার বাক্সের মাধ্যমে নিম্ন বর্ণিত শর্তে আগামী ......[illegible]......./২০২৫ ইং তারিখ বিক্রয়ের নিমিত্তে সীল মোহরকৃত টেন্ডার আহবান করা যাইতেছে।

ঃ নিলামের শর্ত ঃ

১) প্রত্যেক দরপত্র উক্ত বিজ্ঞপ্তি সহকারে তাহাদের নিজস্ব প্যাডে বা সাদা কাগজে স্পষ্ট অক্ষরে নিলাম ক্রেতার নাম, ঠিকানা, টেলিফোন নম্বর (যদি থাকে) প্রদত্ত দর অংকে ও কথায় লিখিয়া এবং দরপত্র সীল মোহরকৃত খামে এবং খামের উপর স্পষ্ট অক্ষরে 'সম্পত্তি ক্রয়ের দরপত্র' লিখিয়া দাখিল করিতে হইবে।

২) দরপত্র অপরাহ্ন ২.০০ ঘটিকার মধ্যে অত্র আদালতের নেজারত শাখায় রক্ষিত দরপত্র বাক্সে সরাসরি বা রেজিষ্ট্রি ডাক যোগে জমা দিতে হইবে। ঐ দিনই অপরাহ্ন ২.০০ ঘটিকার সময় দরপত্রদাতাদের সামনে (যদি কেউ উপস্থিত থাকেন) দরপত্র বাক্স খোলা হইবে। দরপত্র সরাসরি বা রেজিষ্ট্রি ডাকযোগে প্রেরন করা যাইবে। রেজিষ্ট্রি ডাকযোগে প্রেরনের ক্ষেত্রে তাহা অবশ্যই উক্ত নির্ধারিত সময়ের মধ্যে পৌছাইতে হইবে।

৩) প্রত্যেক দরদাতা উদ্ধৃত দর অনূর্দ্ধ =১০,০০,০০০/= (দশ লক্ষ) টাকা হইলে উহার ২০%, উদ্ধৃত দর =১০,০০,০০০/= (দশ লক্ষ) টাকা অপেক্ষা অধিক এবং অনুর্ধ্ব =৫০,০০,০০০/= (পঞ্চাশ লক্ষ) টাকা হইলে উহার ১৫% এবং উদ্ধৃত দর =৫০,০০,০০০/= (পঞ্চাশ লক্ষ) টাকা অপেক্ষা অধিক হইলে উহার ১০% এর সমপরিমান টাকা জামানত স্বরূপ যে কোন তফসিলী ব্যাংক হইতে ব্যাংক ড্রাফট বা পেমেন্ট-অর্ডার এর মাধ্যমে অর্থঋণ ২য় আদালত, কুষ্টিয়া এর অনুকুলে দরপত্রের সাহিত দাখিল করিতে হইবে।

৪) অনুর্দ্ধ =১০,০০,০০০/= (দশ লক্ষ) টাকার উদ্ধৃত দর গৃহীত হবার পরবর্তী ৩০ (ত্রিশ) দিনের মধ্যে, ১০,০০,০০০/= (দশ লক্ষ) টাকা অপেক্ষা অধিক এবং অনুর্ধ্ব =৫০,০০,০০০/= (পঞ্চাশ লক্ষ) টাকার উদ্ধৃত দর গৃহীত হইবার পরবর্তী ৬০ (ষাট) দিনের মধ্যে এবং =৫০,০০,০০০/= (পঞ্চাশ লক্ষ) টাকা অপেক্ষা অধিক উদ্ধৃত দর গৃহীত হইবার পরবর্তী ৯০ (নব্বই) দিনের মধ্যে সমুদয় মূল্য পরিশোধ করিবেন এবং তাহা করিতে ব্যর্থ হইলে অর্থঋণ ২য় আদালত, কুষ্টিয়া জামানতের টাকা বাজেয়াপ্ত করিতে পারিবেন।

৫) দরপত্র প্রদত্ত মূল্য অস্বাভাবিক কম/অপর্যাপ্ত প্রতীয়মান হইলে এবং নিম্নে বর্নিত তফশীলের আংশিক সম্পত্তি ক্রয়ের জন্য দরপত্র এবং কম জামানত প্রদানকারী কিংম্বা ক্রুটি পূর্ন দরপত্র সরাসরি বাতিল বলিয়া গণ্য হইবে।

৬) উপরি বর্নিত (৩) ও (৪) এর অধিনে প্রথম সর্বোচ্চ দরদাতার জামানত বাজেয়াপ্ত হইলে আদালত ইচ্ছা করিলে ২য় সর্বোচ্চ দরদাতাকে সম্পত্তি ক্রয়ে আহ্বান করিতে পারিবেন।

৭) নিলামে অংশ গ্রহনে ইচ্ছুক ব্যক্তিগণ বিস্তারিত তথ্য জানিবার জন্য ব্যাংকের উক্ত শাখায় অফিস চলাকালীন সময়ে যোগাযোগ করিতে পারিবেন।

৮) কোন কারন দর্শানো ব্যতিরেকে যে কোন দরপত্র বাতিল বা সকল দরপত্র বাতিল কারবার অধিকার অর্থঋণ ২য় আদালত, কুষ্টিয়া সংরক্ষণ করেন।

তফশীল পরিচয়।

| জেলা- কুষ্টিয়া, থানা ও সাব- রেজিষ্টার অফিস- মিরপুর, মৌজা- কুশাবাড়ীয়া, জেঃ এলঃ নং ৭৩ (সাবেক) ৭২ (আর.এস.)। | | | | | |
|---|---|---|---|---|---|
| এস.এ. খতিয়ান নং | আর.এস. খতিয়ান নং | মিউঃ খতিয়ান নং | এস.এ. দাগ নং | আর.এস. দাগ নং | বন্ধকী সম্পত্তির পরিমান |
| ১৬৮ | ৫৬ | ৫৭ | ৪০৬ | ৭৯৯ | ০.০৩৮২ একর |
| মোট =০.০৩৮২ একর সম্পত্তি। উক্ত সম্পত্তির উত্তরে ঃ মোঃ ইউনুস আলী। দক্ষিণে ও পুর্বে ঃ মোঃ আব্দুল্লাহ। পশ্চিমে ঃ কুশাবাড়ীয়া হইতে বুরাপাড়া পাকা সড়ক। | | | | | |
| ১৬৮ | ৫৬ | ৫৭ | ৪০৬ | ৮২১ | ০.৩৬২৫ একর |
| মোট =০.৩৬২৫ একর সম্পত্তি। উক্ত সম্পত্তির উত্তরে ঃ মোঃ ইউনুস আলী। দক্ষিণে ও পুর্বে ঃ মোঃ আব্দুল্লাহ। পশ্চিমে ঃ কুশাবাড়ীয়া হইতে বুরাপাড়া পাকা সড়ক। | | | | | |
| ২৬৮ | ৫৬ | ৫৭ | ১১৪ | ৯০ | ০.১৮১৩ একর |
| মোট= ০.১৮১৩ একর সম্পত্তি। উক্ত সম্পত্তির উত্তরে ঃ ইজাজুল হক। দক্ষিণে ঃ মোঃ মারজুল হক। পুর্বে ঃ সামছুদ্দিন মন্ডল। পশ্চিমে ঃ মহাসীন আলী। | | | | | |
| ২৬৮ | ৫৬ | ৫৭ | ১১২ | ৯৩ | ০.২৩৮৫ একর |
| মোট= ০.২৩৮৫ একর সম্পত্তি। উক্ত সম্পত্তির উত্তরে ঃ মোঃ হাশেম আলী। দক্ষিণে ও পুর্বে ঃ মফিজ উদ্দিন। পশ্চিমে ঃ রবিউল জোয়ার্দ্দার। | | | | | |
| সর্বমোট =০.৮২০৫ একর (শুন্য দশমিক আট দুই শুন্য পাঁচ একর) সম্পত্তি ও তদুপরিস্থিত নির্মানতব্য অবকাঠামো, আকর আওলাদি, সংশ্লিষ্ট দ্রব্যাদি, বৃক্ষাদী ইত্যাদি। | | | | | |